## CHILD DEVELOPMENT AND PEDAGOGY

**1.** As per the concrete operational stage in Piaget's Cognitive Development Theory, the ability to sort objects in order, according to their size, shape or any other characteristic is termed as

(A) Seriation
(B) Object Permanence
(C) Reversible Thinking
(D) Animistic Thinking

পিয়াজেঁর প্রজ্ঞামূলক তত্ত্বের মূর্ত সক্রিয়তার স্তর অনুসারে, কোনো বস্তুকে তার আকার, আয়তন বা অন্যান্য বৈশিষ্ট্যের ভিত্তিতে ক্রমবিন্যস্ত করার সামর্থ্যকে বলা হয়

(A) ক্রমপর্যায়করণ
(B) বস্তুর স্থায়িত্ববোধ
(C) বিপরীতমুখী চিন্তা
(D) সর্বপ্রাণবাদ

**2.** IEP stands for

(A) Individualised Education Programme
(B) Individualised Evaluation Programme
(C) Integrated Education Programme
(D) Inclusive Education Programme

IEP-এর পূর্ণাঙ্গ রূপটি হল

(A) Individualised Education Programme
(B) Individualised Evaluation Programme
(C) Integrated Education Programme
(D) Inclusive Education Programme

**3.** The headquarters of NIEPVD is located at

(A) Uttar Pradesh
(B) Uttarakhand
(C) Maharashtra
(D) West Bengal

NIEPVD-এর মূল প্রতিষ্ঠানটির অবস্থান হল

(A) উত্তরপ্রদেশ
(B) উত্তরাখণ্ড
(C) মহারাষ্ট্র
(D) পশ্চিমবঙ্গ

**4.** The need for 'love and belongingness' is related to

(A) Maslow's Hierarchy of Motivation.
(B) Piaget's theory of Cognitive Development.
(C) Pavlov's Classical Conditioning.
(D) Kohlberg's theory of Moral Development.

'ভালোবাসা এবং একাত্মবোধ'-এর চাহিদা নিম্নলিখিত যে বিষয়টির সঙ্গে সংযুক্ত, তা হল

(A) ম্যাসলোর ক্রমোন্নতি সংক্রান্ত প্রেষণার তত্ত্ব।
(B) পিয়াজেঁর প্রজ্ঞামূলক বিকাশের তত্ত্ব।
(C) প্যাভলভের প্রাচীন অনুবর্তন তত্ত্ব।
(D) কোহলবার্গের নৈতিক বিকাশের তত্ত্ব।

**5.** Select the right sequence as per their origin:

(A) Special Education → Integrated Education → Inclusive Education
(B) Inclusive Education → Special Education → Integrated Education
(C) Integrated Education → Special Education → Inclusive Education
(D) Special Education → Inclusive Education → Integrated Education

উৎপত্তি অনুসারে নীচের ক্রমবিন্যাসগুলির মধ্যে সঠিকটি হল :-

(A) বিশেষ শিক্ষা → সমন্বিত শিক্ষা → অন্তর্ভুক্তিমূলক শিক্ষা
(B) অন্তর্ভুক্তিমূলক শিক্ষা → বিশেষ শিক্ষা → সমন্বিত শিক্ষা
(C) সমন্বিত শিক্ষা → বিশেষ শিক্ষা → অন্তর্ভুক্তিমূলক শিক্ষা
(D) বিশেষ শিক্ষা → অন্তর্ভুক্তিমূলক শিক্ষা → সমন্বিত শিক্ষা

**6.** Instructional objectives can be classified as per Bloom's Taxonomy in which of the following manners?

(A) Cognitive, Affective, Psychomotor
(B) Behavioural, Social, Moral
(C) Cognitive, Effective, Psychomotor
(D) Cognitive, Creative, Psychomotor

ব্লুম বর্ণিত নির্দেশনামূলক উদ্দেশ্যগুলির শ্রেণীকরণ নিম্নলিখিত কোন পদ্ধতিতে করা হয়?

(A) Cognitive, Affective, Psychomotor
(B) Behavioural, Social, Moral
(C) Cognitive, Effective, Psychomotor
(D) Cognitive, Creative, Psychomotor

**7.** OPTACON is used as an assistive device for the visually impaired children as a

(A) Mobility Aid
(B) Writing Aid
(C) Reading Aid
(D) Speech Synthesizing Aid

দৃষ্টি প্রতিবন্ধী শিশুকে যে ধরনের সহায়তা দানের জন্য অপটাকন (OPTACON) ব্যবহৃত হয়, তা হল —

(A) সঞ্চালনমূলক সহায়তা
(B) লিখন সংক্রান্ত সহায়তা
(C) পঠন সংক্রান্ত সহায়তা
(D) বাক্-সংশ্লেষণমূলক সহায়তা

**8.** The following three aspects of intelligence were dealt by Sternberg's triarchic theory except

(A) componential
(B) social
(C) experiential
(D) contextual

স্টার্নবার্গের ত্রিমাত্রিক বুদ্ধি তত্ত্বে নীচের কোন দিকটি অন্তর্ভুক্ত নয়?

(A) উপাদানগত (componential)
(B) সামাজিক (social)
(C) অভিজ্ঞতামূলক (experiential)
(D) প্রাসঙ্গিক (contextual)

**9.** Which one of the following is not a component of 5E model?

(A) Elaborate
(B) Evaluate
(C) Eliminate
(D) Explain

নিম্নের কোনটি 5E মডেলের উপাদান নয়?

(A) সম্প্রসারণ (Elaborate)
(B) মূল্যায়ন (Evaluate)
(C) অপসারণ (Eliminate)
(D) ব্যাখ্যাকরণ (Explain)

**10.** A child argues that Heinz should not steal the drug as he will be caught and sent to jail. According to Kohlberg, in which stage of moral development does the child fall under?

(A) The punishment and obedience orientation stage
(B) The universal ethical orientation stage
(C) The instrumental purpose orientation stage
(D) The social order maintaining orientation stage

একটি শিশু যুক্তি দেয় যে Heinz-এর ওষুধ চুরি করা উচিৎ নয়, কারণ তাকে ধরে জেলে পাঠানো হবে। কোহলবার্গের মতানুসারে শিশুটি নৈতিক বিকাশের কোন পর্যায়ে পড়ে?

(A) শাস্তি ও আনুগত্যমুখী অভিযোজন পর্যায়ে
(B) সর্বজনীন নীতিমালাভিত্তিক অভিযোজন পর্যায়ে
(C) উপকরণগত উদ্দেশ্যভিত্তিক অভিযোজন পর্যায়ে
(D) সামাজিক শৃঙ্খলা রক্ষার অভিযোজন পর্যায়ে

11. Which one of the following is not included under sensori-difficulties?

(A) Visual Impairment

(B) Deaf and Dumb

(C) Orthopedically Handicapped

(D) Hearing Impairment

নিম্নলিখিত অক্ষমতাগুলির মধ্যে কোনটি সংবেদনজনিত অক্ষমতার অন্তর্ভুক্ত নয়?

(A) দৃষ্টি প্রতিবন্ধকতা

(B) মূক ও বধিরতা

(C) অস্থি প্রতিবন্ধকতা

(D) শ্রবণ প্রতিবন্ধকতা

12. The present name of National Institute of Mental Health (NIMH) is

(A) National Institute for Empowerment of Persons with Mental Disability.

(B) National Institute for Empowerment of Individuals with Mental Disability.

(C) National Institute for Empowerment of Individuals with Intellectual Disability.

(D) National Institute for Empowerment of Persons with Intellectual Disability.

National Institute of Mental Health (NIMH)-এর বর্তমান নাম হল

(A) National Institute for Empowerment of Persons with Mental Disability.

(B) National Institute for Empowerment of Individuals with Mental Disability.

(C) National Institute for Empowerment of Individuals with Intellectual Disability.

(D) National Institute for Empowerment of Persons with Intellectual Disability.

13. "Inability to understand what others are thinking or feeling" is a

(A) symptom of Learning Disability

(B) symptom of ADHD

(C) symptom of Autism Spectrum Disorder

(D) symptom of Intellectual Disability

"অন্যরা কী ভাবছে এবং বোধ করছে সেটিকে বোঝার অক্ষমতা" হল

(A) শিখন অক্ষমতার লক্ষণ

(B) এ ডি এইচ ডি-এর লক্ষণ

(C) অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার-এর লক্ষণ

(D) বৌদ্ধিক অক্ষমতার লক্ষণ

14. Which of the following should not be considered as a socialisation process?

(A) Formation of values

(B) Natural unfoldment of inherited tendencies

(C) Transfer of culture and belief

(D) Acquisition of learning skills and behavioural pattern

নিম্নের কোনটি সামাজিকীকরণ প্রক্রিয়ার অন্তর্গত নয়?

(A) মূল্যবোধের গঠন

(B) জন্মসূত্রে প্রাপ্ত প্রবণতাগুলির স্বাভাবিক উন্মোচন

(C) কৃষ্টি এবং বিশ্বাসের স্থানান্তরকরণ

(D) শিখনদক্ষতা ও আচরণধারা অর্জন

15. Complications of 'Otitis Media' are related to which of the following?

(A) Visual Impairment
(B) Hearing Impairment
(C) Intellectual Disability
(D) Orthopedically Handicapped

'ওটাইটিস মিডিয়া' সংক্রান্ত সমস্যাটি কোন অক্ষমতার সঙ্গে সম্পর্কযুক্ত?

(A) দৃষ্টি প্রতিবন্ধকতা
(B) শ্রবণ প্রতিবন্ধকতা
(C) বৌদ্ধিক প্রতিবন্ধকতা
(D) অস্থি প্রতিবন্ধকতা

16. Geoboard is used for teaching which of the following subjects?

(A) Geography
(B) Sociology
(C) Mathematics
(D) Economics

নিম্নলিখিত কোন বিষয় পড়ানোর জন্য জিওবোর্ড ব্যবহৃত হয়?

(A) ভূগোল
(B) সমাজবিদ্যা
(C) গণিত
(D) অর্থনীতি

17. Guilford describes intelligence in terms of three dimensions, such as—

(A) Content, Operation, Product
(B) Cognition, Emotion, Organization
(C) Creation, Conservation, Actualization
(D) Estimation, Examination, Evaluation

গিলফোর্ড বুদ্ধিমত্তাকে তিনটি মাত্রার ভিত্তিতে বর্ণনা করেছেন, যথা—

(A) বিষয়বস্তু, প্রক্রিয়া, ফলাফল
(B) প্রজ্ঞা, প্রক্ষোভ, আয়োজন
(C) সৃজন, সংরক্ষণ, বাস্তবায়ন
(D) পরিমাপন, পরীক্ষণ, মূল্যায়ন

18. Attention Deficit Hyperactivity Disorder (ADHD) is a

(A) chronic neurodevelopmental disorder.
(B) fear-induced neurodevelopmental disorder.
(C) tension-driven neural disorder.
(D) neurodevelopmental disorder caused by overuse of medicines.

Attention Deficit Hyperactivity Disorder (ADHD) হল

(A) একটি দীর্ঘস্থায়ী স্নায়ুবিকাশজনিত ব্যাধি।
(B) ভয়প্রসূত স্নায়ুবিকাশজনিত ব্যাধি।
(C) উত্তেজনা (টেনশন) চালিত স্নায়বিক ব্যাধি।
(D) ওষুধের অতিরিক্ত ব্যবহারের কারণে স্নায়ুবিকাশজনিত ব্যাধি।

**19.** A Binet-Simon Test was administered upon four children of Chronological Age (CA) in years respectively 6, 7, 9, 10 and their respective Mental Ages (MA) were calculated as 4 years, 8 years, 7 years and 10 years. The highest intelligence belongs to

(A) first child
(B) second child
(C) third child
(D) fourth child

বিনে-সাইমন অভীক্ষা প্রয়োগের ক্ষেত্রে চারটি শিশুর কালানুক্রমিক বয়স (CA) যথাক্রমে 6, 7, 9 ও 10 বছর এবং তাদের নির্ণীত মানসিক বয়স (MA) যথাক্রমে 4, 8, 7 ও 10 বছর হলে নিম্নের বিকল্পগুলির মধ্যে সর্বাধিক বুদ্ধিমত্তাসম্পন্ন শিশুটি হল —

(A) প্রথম শিশু
(B) দ্বিতীয় শিশু
(C) তৃতীয় শিশু
(D) চতুর্থ শিশু

**20.** Which of the following is not considered as the principle of growth and development?

(A) Cephalocaudal principle of development
(B) Proximodistal principle of development
(C) Principle of continuity and sequence
(D) Principle of regression

নিম্নের কোনটিকে বৃদ্ধি ও বিকাশের নীতিরূপে বিবেচনা করা যায় <u>না</u>?

(A) শীর্ষমুখ বৃদ্ধির নীতি
(B) নিকট-দূরবর্তীর নীতি
(C) অবিচ্ছিন্নতা ও পর্যায়ক্রমসূচক বৃদ্ধির নীতি
(D) পশ্চাদ্‌গতির নীতি

**21.** In terms of CCE, which of the following is the most effective feature of assessment?

(A) Assessment should be done only in terms of marks.
(B) Assessment should be based on objective type written tests.
(C) Assessment should be considered as a separate programme.
(D) Assessment should be a part of the entire learning-teaching process.

নিরবচ্ছিন্ন ও সর্বাত্মক মূল্যায়নের পরিপ্রেক্ষিতে নিম্নের কোনটি পরিমাপের সর্বাপেক্ষা কার্যকরী বৈশিষ্ট্য?

(A) পরিমাপ কেবলমাত্র নম্বরের সাপেক্ষে হওয়া উচিত।
(B) পরিমাপ নৈর্ব্যক্তিক লিখিত পরীক্ষার দ্বারা হওয়া উচিত।
(C) পরিমাপকে একটি পৃথক কর্মসূচীরূপে বিবেচনা করা উচিত।
(D) পরিমাপ সমগ্র শিখন-শিক্ষণ প্রক্রিয়ার অংশ হওয়া উচিত।

**22.** The Statutory Body of RCI started functioning in which year?

(A) 1991
(B) 1993
(C) 1996
(D) 2000

RCI-এর সংবিধিবদ্ধ বিভাগটি কোন বছর থেকে কার্যকরী হয়?

(A) 1991
(B) 1993
(C) 1996
(D) 2000

23. After the tiffin break in a school, if a teacher compels the learners to solve mathematical problems, when they are willing to listen to story, the teacher is violating

(A) Law of Exercise
(B) Law of Readiness
(C) Law of Associative Shifting
(D) Law of Effect

বিদ্যালয়ে টিফিন বিরতির পর শিক্ষার্থীরা যখন গল্প শুনতে ইচ্ছুক, তখন শিক্ষার্থীদের অনিচ্ছা সত্ত্বেও শিক্ষক মহাশয় যদি তাদের গাণিতিক সমস্যার সমাধান করতে দেন, তবে তিনি যে শিখনসূত্রটিকে উপেক্ষা করলেন, তা হল

(A) অনুশীলনের সূত্র
(B) প্রস্তুতির সূত্র
(C) অনুষঙ্গমূলক সঞ্চালনের সূত্র
(D) ফলাফলের সূত্র

24. If a child observes 'm' as 'w' and 'b' as 'd', then he/she is suffering from

(A) Dysgraphia
(B) Dyscalculia
(C) Dyspraxia
(D) Dyslexia

যদি একটি শিশু 'm'-কে 'w'-এর মতো এবং 'b'-কে 'd'-এর মতো দেখে তবে শিশুটি যে সমস্যায় ভুগছে, তা হল

(A) ডিসগ্রাফিয়া
(B) ডিসক্যালকুলিয়া
(C) ডিসপ্র্যাক্শিয়া
(D) ডিসলেক্শিয়া

25. As per Freud, which element plays the most significant role in the structure of personality?

(A) Power Motive
(B) Libido
(C) Gender
(D) Creativity

ফ্রয়েডের মতে ব্যক্তিত্ব গঠনে কোন মৌলিক উপাদানের ভূমিকা সর্বাধিক?

(A) শক্তি প্রেরণা
(B) লিবিডো
(C) লিঙ্গ
(D) সৃজনশীলতা

26. According to Piaget, at which stage of Cognitive Development does the child display 'object permanence'?

(A) Formal-operational stage
(B) Sensori-motor stage
(C) Pre-operational stage
(D) Concrete-operational stage

পিয়াজেঁর মতে প্রজ্ঞামূলক বিকাশের কোন পর্যায়ে একটি শিশুর মধ্যে বস্তুর স্থায়িত্ব সম্পর্কিত ধারণাটি প্রদর্শিত হয়?

(A) নিয়মতান্ত্রিক সক্রিয়তার স্তর
(B) সংবেদন সঞ্চালনমূলক স্তর
(C) প্রাক্-সক্রিয়তার স্তর
(D) মূর্ত সক্রিয়তার স্তর

27. The fundamental unit of the Braille system consists of six dots. They are arranged in which of the following manner?

(A) 1–3 on the right, 4–6 on the left
(B) 4–6 on the right, 1–3 on the left
(C) 1–5 on the left, 6 on the right
(D) 1–6 on the right

ব্রেইল ব্যবস্থার মৌলিক একক (fundamental unit)-এ ছয়টি (6) ডট্ থাকে। সেগুলি নিম্নলিখিত কোন রূপে সজ্জিত থাকে?

(A) 1–3 ডানদিকে, 4–6 বামদিকে
(B) 4–6 ডানদিকে, 1–3 বামদিকে
(C) 1–5 বামদিকে, 6 ডানদিকে
(D) 1–6 ডানদিকে

28. In terms of Inclusive Education, the full form of PWD Act, (1995) is

(A) Persons with Deformities Act
(B) Persons with Difficulties Act
(C) Persons with Disabilities Act
(D) Public Works Department Act

অন্তর্ভুক্তিমূলক শিক্ষার প্রেক্ষাপটে, PWD Act (1995)-এর পূর্ণাঙ্গ রূপটি হল

(A) Persons with Deformities Act
(B) Persons with Difficulties Act
(C) Persons with Disabilities Act
(D) Public Works Department Act

29. Autism Spectrum Disorder is a ________ related to brain development.

(A) disorder
(B) defect
(C) disease
(D) condition

অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার হল মস্তিষ্কের বিকাশের সাথে যুক্ত একটি ________।

(A) ডিসঅর্ডার
(B) ডিফেক্ট
(C) ডিজিস
(D) কন্ডিশন

30. Vygotsky laid emphasis on which of the following factors in intellectual learning?

(A) Moral
(B) Physical
(C) Social
(D) Genetic

ভাইগটস্কি বুদ্ধিদীপ্ত শিখনে কোন উপাদানের উপর গুরুত্ব দেন?

(A) নৈতিক
(B) শারীরিক
(C) সামাজিক
(D) জিনগত

**নির্দেশ ঃ নিম্নলিখিত কবিতাটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (31 থেকে 36) সঠিক উত্তর নির্বাচন করুন ঃ**

স্বপ্ন আমার কবিতা,
অমাবস্যার দেয়ালি,
ধূম্রলোচন নিদ্রাহীন
মাঘ-রজনীর সবিতা।

হৃদয় আমার খেয়ার যাত্রী বৈতরণীর পার।
কাণ্ডারীহীন বালুকাবেলায় চোখ পুড়ে মরে দূরে।
হৃদয় আমার ছাপিয়ে উঠেছে বাতাসের হাহাকার।

দিনগুলি তুমি তুলে নিলে অঞ্চলে।
বালুচরচারী দৃষ্টিতে ঝরে সান্নিধ্যের ধারা।

রাত্রিও চাও? শ্রাবণের ধারাজলে
মুখর হৃদয় তালীবনদীঘি কল্লোলে অবিরাম।

ক্রেসিডা! তোমার থমকানো চোখে চমকায় বরাভয়।
তোমার বাহুতে অনন্ত-স্মৃতি ক্রতুকৃতমের শেষ।
তোমাতেই করি মত্ত মরণে জয়।

মহাকাল আজ দক্ষিণ কর প্রসারে আমারই দিকে।
ভীরু দুর্বল মন!
দৈবের হাতে হাত বেঁধে যাওয়া মহাসিন্ধুর ডাকে!
সর্ব-সমর্পণ!

হেলেনের প্রেমে আকাশে বাতাসে ঝঞ্ঝার করতাল।
দ্যুলোকে ভূলোকে দিশাহারা দেবদেবী।
কাল রজনীতে ঝড় হ'য়ে গেছে রজনীগন্ধা-বনে।

বৈশাখী মেঘ মেদুর হয়েছে সুদূর গগনকোণে।
কুরুক্ষেত্রে উড়েছে হাজার রথচক্রের ধূলি।
স্বপ্ন-গোধূলি ডুবে গেল খর-রক্তের কোলাহলে।

লাল মেঘে ঠেলে নীল মেঘ, নীলে ধোঁয়া মেঘেদের ভিড়
মেঘে-মেঘে আজ কালো কল্কির দিন হ'ল একাকার।
বিদ্যুৎ নেভে ঈশানবিষাণে, বজ্রও দিশাহারা।
এলোমেলো পাখা ঝাপটি তবুও ওড়ে কথা ক্রেসিডার।

ভ্রান্তি আমার নিয়ে যায় যদি বৈতরণীর পার,
ভবিষ্যহীন আঁধার ক্লান্তি কাকে দেব উপহার?
তপ্ত মরুর জনহীনতায় কোথায় সে প্যান্ডার?

স্বসমুখ সে কোন দেবতার দ্বিরাচারী সম্ভাষে
অমরাবতীর সমাহারী নারী হেলেনের বালালোল।
আমারই শেফালী জেবলী কেবল ঝরে জবাসঙ্কাশে।

সূর্যালোকের ধারায় জেগেছে জীবনের অঙ্কুর।
আত্মদানের উৎসেই জানি উজ্জীবনের আশা।
অসূর্যলোকে বন্দী, কুমারী, তোমাতেই খুঁজি ভাষা।

সময়ের থলি শতচ্ছিদ্র, বিস্মৃতিকীট কাটে।
প্রাণোপাসনার পূজারী তাই তো তোমার শরণ মাগি।
প্রাণহন্তারা রলরোলে চলে ট্রয়ের মাঠে ও বাটে।

উষসীআকাশ ধূসর করেছে মরণের আনাগোনা।
হেলেনের বুকে শবসাধনার বিশ্রাম আর নেই।
আমার হৃদয়-ঘটাকাশে শুধু জীবনের আরাধনা।

ট্রয়ের প্রাচীর ভঙ্গুর কেন? কোন হেলেনের
অমর রূপের প্রখর আবেগে বিপুল বিশ্ব হারাল দিশা?
লোকোত্তর এ-রূপসী বা কেন? লোকায়তিক এ-মরণতৃষা?

জানি, জানি, এই অলাতচক্রে চক্রমণ।
সোৎপ্রাসপাশে বলিনাকো তাই কথা।
ক্রেসিডা! আমার প্রচণ্ড আকুলতা—
জিজীবিষু প্রজাপতির বিভ্রমণ।

সোনালি হাসির ঝরনা তোমার ওষ্ঠাধরে।
প্রাণকুরঙ্গ অঙ্গে ছড়ায় চপল মায়া।
মুখর সে-গান ভেঙে গেল। আজ স্তব্ধ তমাল।
হাল্কা হাসির জীবনে কি এল ফসলের কাল?

এই তবে ভোরবেলা।
হে ভূমিশায়িনী শিউলি! আর কি
কোনো সান্ত্বনা নেই?

রজনীগন্ধা দিয়েছিলে সেই রাতে,
আজো তো সে ফোটে দেখি—
মদির অধীর রাতের তন্বী ফুল—
রজনীগন্ধা, বিরাগ জানে না সে কি?

দুঃস্বপ্নেও প্রেম করেনি এ আশা।
শক্রশিবিরে কুমারীর নত চোখে, মুখে, সারা শরীরে নগ্ন ভাষা!
হে গ্রীক নাগর! ট্রয়কে হারালে আজই!

কালের বিরাট অট্টহাসির ছায়া
ঢেকে দিল ঢেকে তোমারও মরণ-মায়া—
হে মাতরিশ্বা, মহাশূন্যের সুখে
তুড়ি দিয়ে যাই তোমারও প্রবল মুখে।
তুমি ভেবেছিলে উন্মাদ ক'রে দেবে?
উদ্বায়ু আজো হয়নি আমার মন।
লোকায়ত মোর স্বেচ্ছাবর্মে লেগে
বর্শা তোমার হ'য়ে গেল খান্-খান্।

বুদ্ধি আমার অপাপবিদ্ধমস্নাবির।
জড় কবন্ধ অন্ধ কর্মে ফুৎকারে করি নর্মাচার।
প্রাক্তন-পাশ্চাত্ত্য মাগি না, মন তুষার।

পাহাড়ের নীল একাকার হ'ল ধূসর মেঘের স্রোতে
পাঁচ পাহাড়ের নীল।
বাতাসেরা সব বাসায় পালাল মেঘের মুষ্টি হ'তে।
স্তব্ধ নিথর সাত-সায়রের বিল।

শিবা ও শকুনি পলাতক, জানি, ভাগ্য তো কৃকলাস।
কুরুক্ষেত্রে ইন্দ্রপ্রস্থ, পরীক্ষিতেরই জয়।
শরৎ-মাধুরী লুট ক'রে ফিরি, জয় জয় ট্রয়লাস!
উল্লাসে গায় পালে-পালে ক্রীতদাস।

বিজয়ী রাজার দানসত্রের শ্রাবণপ্লাবনে ভাসে
পুরজন যত গৃহহীন যত বুভুক্ষু ভিক্ষুক।
হায়েনার হাসি আসে স্মৃতিপটে বেহিসাবী ক্রেসিডা সে!

তুমি চলে গেলে মরণমারীচ মায়াবীর ডাকে মূক
বধির ওষ্ঠাধরে।
তারপরে এল রণমন্থনে দূর বিদেশের নারী।
কালো সন্ধ্যায় দিলে শ্বেতবাহু দুটি—
স্মরণ তোমার হানে আজো তরবারি।

31. "কাণ্ডারীহীন বালুকাবেলায় চোখ পুড়ে মরে দুরে।"— 'চোখ পুড়ে' মরার কারণ—

(A) তীব্র তাপ
(B) অসহায়তা
(C) হতাশা
(D) অনির্দেশ্যতা

32. "তোমার বাহুতে অনন্ত-স্মৃতি ক্রতুকৃতমের শেষ।"— 'ক্রতুকৃতম' শব্দটির বর্ণবিশ্লেষণ করলে, তা হবে

(A) ক্ + র্ + ত্ + উ + ক্ + রি + ত্ + ম্ + অ
(B) ক্+র্+অ+ত্+উ+ক্+ঋ+ত্+অ+ম্+অ
(C) ক্+র্+অ+ত্+উ+ক্+র্+ই+ত্+অ+ম্+অ
(D) ক্+অ+র্+অ+ত্+উ+ক্+র্+ই+ত্+অ+ম্+অ

33. "বিদ্যুৎ নেভে ঈশানবিষাণে, বজ্রও দিশাহারা।"— ঈশান হল—

(A) উত্তর ও পূর্বদিকের মধ্যবর্তী কোণ
(B) দক্ষিণ ও পশ্চিম দিকের মধ্যবর্তী কোণ
(C) উত্তর ও পশ্চিমদিকের মধ্যবর্তী কোণ
(D) দক্ষিণ ও পূর্বদিকের মধ্যবর্তী কোণ

34. গিরগিটি শব্দের যে সমার্থক শব্দটি কবিতায় ব্যবহৃত হয়েছে, সেটি হল—

(A) বিস্মৃতিকীট
(B) মাতরিশ্বা
(C) কৃকলাস
(D) প্যান্ডার

35. উজ্জীবনের আশা নিহিত রয়েছে—

(A) স্বপ্নে
(B) শ্রাবণের ধারাজলে
(C) আত্মদানের উৎসে
(D) খর-রক্তের কোলাহলে

36. "মহাকাল আজ দক্ষিণ কর প্রসারে আমারই দিকে।"— উদ্ধৃতাংশে মহাকালের 'দক্ষিণ কর' প্রসারণের অর্থ—

(A) যাচ্ঞা করা
(B) আনুকূল্য প্রদর্শন করা
(C) বাধা প্রদান করা
(D) আত্মসমর্পণ করা

**নির্দেশ ঃ নিম্নলিখিত গদ্যাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (37 থেকে 45) সঠিক উত্তর নির্বাচন করুন ঃ**

'খত্ আয়া হায়, য়ুও খত্ নে চাক্কু মারা' কোথা থেকে চিঠি এসেছে এবং সেই চিঠি ছুরি মেরেছে। 'চাক্কু মারা' কথাটি বলার সঙ্গে সঙ্গে একটি নখর চীৎকার দুস্তর অন্ধকার যেন বা অতিক্রম করে এল। গীতের মধ্যে অবশ্য চকমিলান যে-সরলতা ছিল, যে-মায়া বর্ত্তমান, তাই করতার সিং গাইতে চেষ্টা করছিল। গীতের ধ্বনি এখানে সেখানে যায়, যেখানে দেওয়ালে অজস্র গুলির ঠোকাইয়ে আদিম চিত্র অঙ্কিত, কভু বা সে-দেওয়াল ভেঙে ভেঙে পড়ে, যেখানে জানলার পাল্লা দুলছে, যেখানে এখনই একটি সাধারণ ফ্রেমে বাঁধাই পারিবারিক ফোটো অজস্র ভাঙার মধ্যে কবরস্থ হল—হয়ে লোকগল্পের অভিশপ্ত শেষ উক্তিকে প্রতিধ্বনিত করলে, যেহেতু এখানে এখন যুদ্ধ হয়।

সম্মুখে অগণন আলো, কেননা এখনও সকাল, চারকোনা আধভাঙা গোলাকার ছেঁড়া-ছেঁড়া সতরঞ্চ-কাটা আলো, শিশির-শুকনো আলো, সদ্যঃপ্রসূত দুধেলা বাছুরের মত শাদা। আয়না ছিল না, এখন সে এই সকল আলোর দিকে তাকিয়ে আপনার চুল অবিন্যস্ত করছিল, এমনও হতে পারে যে, বেশ কয়েকদিন পূর্ব্বে নিজেকে মুখোমুখি দেখাটা স্মরণ করেই ইদানীং এই প্রসাধন। করতার একটি হাত সোজা উঠিয়ে চুলের শেষটি ধরে দাঁড়িয়ে, অবশ্য বাঁ হাতটি তার চুলের গোছ ধরে ছিলই, আরও যে এসময় তার দাঁতে দাঁতে কাঁকুইটিও ধরা ছিল; আলোর দিকে চেয়ে থ হয়ে দাঁড়িয়ে—এই জন্যই সে থ, যে, তার অল্প-বোজা চোখে সম্মুখবর্ত্তী পরিদৃশ্যমান ধ্বংসাবশেষ যেমত বা লাঙল-দেওয়া জমির মতই প্রতীয়মান হয়, যে-জমিতে রাত্রি নামে না; ফলে সে ভারি খুসী, তারপর সে গীত গেয়ে উঠে।

চিঠির প্রসঙ্গ এবং আলোর হিলমিল তাকে খাকি পোশাকের মধ্যে রাখে নি; এত যে গুলিবিদ্ধ দেহ, বারুদের গন্ধ আর ভেঙে পড়ার আওয়াজ—তার কাছে সকল কিছুই টোঁড়া, এখন তার মনটি এখান থেকে গুরুজনওয়ালার গ্রাম পর্যন্ত বিস্তৃত হয়েছিল, যে-গ্রাম থেকে পোস্ট অফিস বেশ দূর। হঠাৎ করতার কিসের আতিশয্যে লাফিয়ে উঠল, ভারি বুটের 'খ্যলপ' করে শব্দ হল, পরক্ষণেই সত্বর চুল গোছ করেই পিছন দিকে, নীচে, মাটিতে তাকাল ; লোকটি কেমন যেন অষ্টাবক্র আধশোয়া, তার নিজের হাতের উপরেই মাথাটা দুলছে, নিশ্চিত সে ঘুমায়। সেখানে, ঠিক তারই পাশ বরাবর সামনে মাটিতে লাল, সবুজ, হলুদ ল্যাবাঞ্চুস—গতকাল তারা লুঠ করে পেয়েছিল—তা দিয়ে সুন্দর চিক্কণ লতাপাতার কেয়ারি এবং একটি বড় ফুল করা, ছেলেমানুষে যেমত গোপালকে স্মরণ করে আঁকে, তেমন যথাযথ; লোকটি—ফৌজটি এই লতাপাতার উপর ঘুমে ঝুঁকে ঝুঁকে পড়ছিল, তার হাতের উল্কিকৃত পরীটি এই স্পন্দনে কেমন যেন জাগ্রত, রসিলা, সোহাগিনী বলে বোধ হয়। এতদ্দৃষ্টে করতারের মন কাঁচা কাঠের মতই সশব্দে জ্বলে উঠল।

করতার আর স্থির থাকতে পারেনি, নিজের ভারী বুটটা দিয়ে ফৌজটিকে নাড়া দিল ; সে জেগে উঠেই মুখের কষটা মুছবার সঙ্গে সঙ্গেই দেখল, করতার মায়াবীর মত সরে গিয়ে রগের কাছে আঙুলগুলি রেখে গাইছে। ফৌজটির মুখে, এই গীত শ্রবণে নাল ঝরতে লাগল, সে অস্থিরপঞ্চম, উঠে দাঁড়াতে গিয়ে বুট পিছলে গেল, বন্দুকে পা ঠেকল—সেটাকে নমস্কার করতে গিয়ে, গীত খানিকটা এগিয়ে গেল ; তারপর উঠে ত্বরিত পায়ে এসে করতারকে জড়িয়ে ধরে,'আই হুকী ইই' বলে ত্রাহি শব্দ করে উঠেছিল ; করতার প্রতিধ্বনিত করলে। দুইজনে যেমত বা নদীর এপার-ওপারে দাঁড়িয়ে ডাকছে, এই শব্দে অনেক পশুপাখীও হয়ত বা আসতে পারে। এইভাবে, কিয়ৎক্ষণ ডাকের পর তারা কী করে ? মৃত মানুষের মুখের উপর হেলমেটটা চাপা দেবার জন্য তাদের মন দুখায়। অথবা ফোল্ডার ক্যানভাসের মোড়া খুলে নিজেদের নম্বর নাম সাকিম এবং ছোট—প্রায় হলুদ-হয়ে-যাওয়া—ফোটোটি দেখে আর এক আওয়াজ করে, যাতে করে মনে ধোঁকা লাগে তারা পুরুষ না স্ত্রীলোক।

এমত সময় হঠাৎ বুটের আওয়াজ, এবং আওয়াজের সঙ্গে সঙ্গে, ছোকরা কাপ্তান, হাবিলদার এসে দাঁড়িয়ে আপনকার রিভলভারের দিকে চেয়ে, একবার জানলা দিয়ে বাহিরের দিকে—যেখানে অনেক আলো সেদিকে—চেয়ে চোখ মটকাল, তারপর কাঁধ চাগাড় মেরে কর্ত্তব্যসকল কিছু বলতে লাগল, ট্যাঙ্ক চলে যাওয়ার ঠিক পনেরো মিনিট বাদে, যখন সন্ধ্যা হবে তখন।

করতার সিং-রা চোখ হাঁইয়ে আদেশ শুনছিল, এ-কারণ যে, পরিষ্কার করে না শুনলে নিজেকে ভুলে যাওয়ার দুর্ভাবনা আছে। হঠাৎ এই সঙ্গীন যুদ্ধে নিজেকে ভুলে যাওয়ার মত ভয়ঙ্কর আর কিছুই হতে পারে না, দাঁতে দাঁতে জিব চাপলেও কিছুই মনে পড়ে না, পূর্ব্ব পশ্চিম যে জ্ঞান তা নিমেষেই শুকিয়ে যায়। করতার এই ছবি-ছবি অন্ধকারে দাঁড়িয়ে, আপনকার আঙুলগুলি মটকালে, বন্দুক ধরে ধরে কেমন যেন বা অবশ হয়েছিল, বিদ্যুৎবিভায় চকিতেই আঙুলের বুনট ঝিলিক দিয়ে উঠল, সে

তৎক্ষণাৎ বাঁ হাতের আঙুল কামড়ালে, এই হেতু যে নিজের ভিতরে রোমহর্ষ উপস্থিত, কেননা বৃষ্টির জল চুঁইয়ে চুঁইয়ে পড়ছে, যার শব্দ অনেকটা বন্দুকে সাদর চুম্বনের আওয়াজের মত, কেননা রাস্তা কর্দ্দমাক্ত, কেননা অজস্র ভাঙায় ঝাঁক ঝাঁক হাঁসের ছায়া আর আলো। করতার ভীত চিত্তে রাস্তা দেখল।

37. গদ্যাংশ থেকে উদ্ধৃত নিম্নলিখিত ঘটনাক্রম অনুযায়ী যে বিকল্পটি ঠিক—

(i) করতার একটি হাত সোজা উঠিয়ে চুলের শেষটি ধরে দাঁড়িয়ে

(ii) করতার সিং-রা চোখ হাঁইয়ে আদেশ শুনছিল

(iii) হঠাৎ করতার কিসের আতিশয্যে লাফিয়ে উঠল

(iv) করতার সিং গাইতে চেষ্টা করছিল

(A) (i), (ii), (iv), (iii)

(B) (iii), (ii), (i), (iv)

(C) (ii), (iv), (i), (iii)

(D) (iv), (i), (iii), (ii)

38. "গীতের ধ্বনি এখানে সেখানে যায়।"—'এখানে সেখানে' যে প্রকার সর্বনামের উদাহরণ—

(A) নির্দেশক

(B) সাপেক্ষ

(C) সংযোগবাচক

(D) অনির্দেশক

39. 'বেশ কয়েকদিন পূর্ব্বে নিজেকে মুখোমুখি দেখাটা স্মরণ করেই ইদানীং এই প্রসাধন।'

উদ্ধৃতাংশে নিম্নরেখ পদটি হল—

(A) অব্যয়

(B) নাম-বিশেষণ

(C) বিশেষণের বিশেষণ

(D) বিশেষ্য

40. "ফৌজটির মুখে, এই গীত শ্রবণে নাল ঝরতে লাগল" —ধ্বনি পরিবর্তনের যে নিয়মটি এক্ষেত্রে ক্রিয়াশীল থেকেছে—

(A) ধ্বনি বিপর্যয়

(B) সমীভবন

(C) সমীকরণ

(D) বিষমীভবন

41. "সে তৎক্ষণাৎ বাঁ হাতের আঙুল কামড়ালে"—

করতার তার বাঁ হাতের আঙুল কামড়েছে, কারণ

(A) হঠাৎ বিদ্যুৎ চমকেছে

(B) বন্দুক ধরে ধরে বাঁ হাত অবশ হয়ে গেছে

(C) নিজের ভেতরে তার রোমাঞ্চ জেগেছে

(D) সে ভয় পেয়েছে

42. "যেখানে জানলার পাল্লা দুলছে"—উদ্ধৃতাংশটিতে ধ্বনি পরিবর্তনের যে রীতিটি ক্রিয়াশীল থেকেছে—

(A) বিপ্রকর্ষ

(B) আদিস্বরাগম

(C) মধ্যস্বরলোপ

(D) অন্ত্যস্বরাগম

43. "চিঠির প্রসঙ্গ এবং আলোর হিলমিল তাকে খাকি পোশাকের মধ্যে রাখে নি; এত যে গুলিবিদ্ধ দেহ, বারুদের গন্ধ আর ভেঙে পড়ার আওয়াজ—তার কাছে সকল কিছুই ঢোঁড়া, এখন তার মনটি এখান থেকে গুরুজনওয়ালার গ্রাম পর্যন্ত বিস্তৃত হয়েছিল, যে-গ্রাম থেকে পোস্ট অফিস বেশ দুর।"—বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ অনুযায়ী এটি—

(A) সরল বাক্য

(B) যৌগিক বাক্য

(C) জটিল বাক্য

(D) মিশ্র বাক্য

44. "তার হাতের উল্কিকৃত পরীটি এই স্পন্দনে কেমন যেন জাগ্রত, রসিলা, সোহাগিনী বলে বোধ হয়।"

এই স্পন্দনের কারণ—

(A) করতার তার ভারী বুটটা দিয়ে ফৌজটিকে নাড়া দিয়েছে

(B) ফৌজটি ঘুমে ঝুঁকে ঝুঁকে পড়ছিল

(C) হঠাৎ ফৌজটির ঘুম ভেঙে গেছে

(D) উঠে দাঁড়াতে গিয়ে ফৌজটির বুট পিছলে গেছে

45. গদ্যাংশে যে-ক-টি ইংরেজি শব্দ রয়েছে, তার সংখ্যা—

(A) নয়টি

(B) দশটি

(C) এগারোটি

(D) তেরোটি

### ব্যাকরণ

**46.** জানা থেকে অজানার যাত্রাপথ কিংবা সহজ থেকে কঠিনের যাত্রাপথটি হল—

(A) বিশ্লেষণ পদ্ধতি (B) অবরোহ পদ্ধতি
(C) প্রাসঙ্গিক পদ্ধতি (D) আরোহ পদ্ধতি

**47.** জিহ্বাশিখরীয় ধ্বনির একটি উদাহরণ হল—

(A) ক্ (B) গ্
(C) ঙ্ (D) থ্

**48.** দুটি শব্দের বানান এক, উচ্চারণও এক, কিন্তু ব্যুৎপত্তি ও অর্থ আলাদা হলে তাদের বলা হয়—

(A) সমধ্বনি (B) সম্পূরক
(C) শ্রুতিধ্বনি (D) সমরূপ

**49.** 'The Psychology of Meaningful Verbal Learning' বইটির প্রণেতা—

(A) Dell Hymes
(B) Henry Widdowson
(C) David Ausubel
(D) Christopher Brumfit

**50.** SLD পরিভাষাটির প্রবক্তা—

(A) Samuel A. Kirk
(B) Pringle Morgan
(C) Adolf Kussmaul
(D) John B. Watson

**51.** একটিমাত্র শব্দের প্রভাবে অন্য কোনো শব্দের রূপ পরিবর্তন হলে তাকে বলা হয়—

(A) বিমিশ্রণ (B) অভিধা
(C) প্রকৃতি (D) অভেদ

**52.** নীচের যেটি আদর্শ পাঠের বৈশিষ্ট্য নয়—

(A) উপলব্ধি (B) ধীরতা
(C) নির্ভুলতা (D) অভিব্যক্তি

**53.** বাংলায় ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনির একটি উদাহরণ হল—

(A) ঘ্ (B) ধ্
(C) ভ্ (D) য্

**54.** 'সেমিকোলন' যতিচিহ্নটিকে বাংলায় বলা হয়—

(A) রেখাচিহ্ন (B) পাদচ্ছেদ
(C) পদবিশ্লেষ চিহ্ন (D) অর্ধচ্ছেদ

**55.** শব্দের মধ্যে স্বরধ্বনি লোপ হলে, তাকে বলা হয়—

(A) বিপ্রকর্ষ (B) সম্প্রকর্ষ
(C) সমীভবন (D) স্বরভক্তি

**56.** শোনার ক্ষেত্রে বাধা নয়—

(A) আগ্রহের অভাব
(B) ভয় বা উদ্বেগ
(C) শব্দের অস্পষ্টতা ও কোলাহল
(D) আত্মবিশ্বাস

**57.** 'Multilingual Education'-এর মূলনীতিটি হল—

(A) সকল ভাষার প্রতি শ্রদ্ধাবোধ গড়ে তোলা
(B) মাতৃভাষাকে শিখনের মাধ্যম হিসেবে ব্যবহার করে ক্রমান্বয়ে অন্য ভাষা যুক্ত করা
(C) বিশ্বের সকল ভাষা একসঙ্গে শেখানো
(D) বহুমাত্রিক মূল্যায়নের জন্য প্রস্তুত করে তোলা

**58.** কবিতার পাঠকে বলা যেতে পারে—

(A) দক্ষতামূলক পাঠ (B) চর্বণা পাঠ
(C) রসবোধমূলক পাঠ (D) জ্ঞানমূলক পাঠ

**59.** কোনো একটি ক্রিয়া একাধিক পদ নিয়ে তৈরি হলে তাকে বলা হয়—

(A) সংযোগমূলক ক্রিয়া
(B) ণিজন্ত ক্রিয়া
(C) বিধেয় ক্রিয়া
(D) বাক্যাংশ ক্রিয়া

**60.** পাঠ পরিকল্পনার যে স্তরে শিক্ষার্থীদের অর্জিত শিখনের মূল্যায়ন করা হয়, সেটি হল—

(A) প্রস্তুতির স্তর
(B) প্রয়োগের স্তর
(C) উপস্থাপনের স্তর
(D) উপস্থাপনোত্তর স্তর

**Read the following passage and answer the given questions: (Q. No. 61 to 69)**

Emerging as harbingers of innovation and perseverance, women entrepreneurs in India are transforming industries, and breaking patriarchal barriers in the field of business and commerce.

Through their visionary leadership, our entrepreneurs are the archetypal representation of what happens when big dreams are met with equal determination, creativity and the fortitude to call for change.

In the current status quo, the need to promote the sustained development of women entrepreneurs so as to ensure equitable economic progress, has been recognised to be of utmost importance.

With this objective in mind 'Startup India' is committed towards strengthening women entrepreneurship in the nation through a variety of initiatives, schemes, thereby encouraging greater partnerships among different stakeholders in the startup ecosystem.

In fact, since its initial launch in 2016, the 'Startup India Initiative' has acted as an active gamechanger, fostering women entrepreneurship in the country.

In order to ensure that women play an equal role in harbouring economic progress, the said initiative has recognised a total number of 73,151 women-directed enterprises as of October 31, 2024.

Besides, the government has simultaneously implemented a number of flagship schemes to further assist women-led startups in India. This includes providing for financial inclusion through Alternative Investment Funds and Startup India Seed Fund Scheme. The Women Capacity Development Programme (WING), adopts to trickle-down approach to promote capacity building for enterprises.

Not only that, the 'Startup India Hub', and the 'SuperStree Podcast', have been instrumental in bringing about greater awareness and accessibility, along with publicising the success stories of Indian women in the entrepreneurial ecosystem.

In this regard, the National Startup Awards (NSA) has clearly demarcated twenty sectors in which it recognises and promotes India startups. At a more micro-level, State-Level Startup Rankings and State-Level Workshops, incentivise startups, along with enhancing stable growth through training and upskilling.

With continued government support and social encouragement, these initiatives aim to improve financial inclusion, mentorship, and market opportunities for women in the nation.

In our country, women have time and again proven the immense growth potential through the uncountable success stories that flourish when they are furnished with the right opportunities.

The following examples elucidate this potential for socio-economic development:

In 2019, Niharika Bhargava established 'The Little Farm Co' with the primary goal of reviving India's rich condiment heritage by offering preservative-free alternatives. In the production process, she recognised the need for uplifting the tribal women. Hence, by collaborating with over 100 tribal-farmer networks of Madhya Pradesh and Uttarakhand, she ensures that 70% of the workforce includes women.

Her initiative provides the much needed employment to a financially downtrodden section of the society, at the same time, celebrating India's culinary traditions.

Similarly, in Kolkata, Radhika Lakhotia is revolutionizing our food industry with "Fit Flour" through her enterprise, the 'Spentigo Sustainability Solutions Private Limited' launched in 2024. Produced by upcycling grains from breweries, her venture addresses, malnutrition, food waste, and affordability, simultaneously empowering rural women. Endorsed by IIM Bangalore, her initiative merges sustainability with impactful nutrition solutions.

These victory tales of trailblazers like Niharika Bhargava and Radhika Lakhotia thus reveal the unparalleled impact women-led enterprises have in driving innovation, sustainability, and empowerment.

As women continue to break barriers, contributing to India's economic growth, they continually are paving the way for a brighter, more equitable future, in the Indian society.

61. What is the key objective of Niharika Bhargava's enterprise?
(A) Exporting farm produce
(B) Reviving India's condiment heritage through preservative-free alternatives
(C) Producing non-alcoholic beverages
(D) Providing IT training to rural women

62. Which of the following is not mentioned as part of 'Startup India's initiatives?
(A) Seed fund scheme
(B) State-level workshops for women
(C) SuperStree podcast
(D) Foreign investment fund for women

63. Which line best explains the key theme of the passage?
(A) Efforts to promote the sustained development of women entrepreneurs in India
(B) The need for socio-economic development in India
(C) The success stories of Indian women
(D) The contribution of women to India's economic growth

64. Choose the correct use of 'no sooner...than'.
(A) No sooner the initiative was launched than women begin to benefit from it
(B) No sooner did the initiative launch than women begin to benefit from it
(C) No sooner had the initiative been launched than women began to benefit from it
(D) No sooner the initiative got launched than women had begun to benefit from it

65. Which particular approach to learning is supported by this passage?
(A) Experiential learning
(B) Drill and practice
(C) Rote memorisation
(D) Audio-lingual method

66. Which of the following approaches does the WING programme adopt to promote capacity building for enterprises?
(A) Women-centric approach
(B) Incentivise startup approach
(C) Trickle-down approach
(D) Attitude formation approach

67. Choose the correct passive voice form of the sentence:-
"The government has implemented flagship schemes to assist women-led startups."
(A) Flagship schemes have been implemented by the government to assist women-led startups
(B) The government was implementing flagship schemes to assist women-led startups
(C) Flagship schemes will be implemented to assist women-led startups by the government
(D) The government will implement flagship schemes to assist women-led startups

68. What is the function of the National Startup Awards?
(A) To select startups for foreign funding
(B) To certify vocational training institutes
(C) To monitor the quality of imported goods
(D) To organise and promote startups over twenty sectors

69. A teacher wants to assess students' critical thinking about government initiatives. Which strategy is the most effective?
(A) Multiple choice test
(B) Group debate or discussion
(C) Copying the passage
(D) Summarising the passage

**Read the following passage and answer the given questions: (Q. No. 70 to 84)**

A report published by the World Population Review(2025) finds that India ranks the second-highest among all nation-states plagued by child trafficking. This gruesome reality is manifested in terms of an ever-increasing number of children being exploited and trafficked within and across the country's borders. Child trafficking relates to the form of human trafficking that involves the recruitment, transportation, harbouring and receipt of a child for the purpose of exploitation. Throughout generations, the State has battled with the illicit exploitation of children and violation of children's rights through forced domestic servitude, begging and sexual abuse.

Amid this vulnerable population, school children are the most susceptible as traffickers can easily lure them in hopes of better living, immediate gratification and lucrative employment.

While poverty, delinquency, gaps in law enforcement and low awareness are significant contributors to the said social pathology, further exacerbation of these risks can be averted through the collaborative efforts of schools, communities and support services.

Teachers, particularly, play a crucial role in combating child trafficking, being the primary socialisers of the children. By serving as the frontline identifiers of potential victims, teachers are the best-equipped to identify dissocial environments and call out those that undermine the child's right against exploitation. Besides preliminary education and collaborative efforts, teachers thus have certain specific roles and responsibilities to stave off child trafficking.

As a result of the significant time tutees spend at schools, the mentors are well-positioned to notice any significant behavioural, emotional and physical changes in students that may hint at the possibility of victimisation. Key indicators of trafficking include unprecedented absences from schools, heightened tendencies of delinquency and playing truant from school, signs of physical injury and trauma, age-inappropriate knowledge of sexual behaviour, the sudden emergence of a much older "romantic partner", or access to expensive items inconsistent with their family's means. Psychologists have highlighted that signs of self-injury, categorically fall under the indicators of a dissocial, non-conducive and highly unsafe environment.

In order to address the above, teachers are often advised to introduce culturally sensitive resources into the curriculum to spread awareness relating to the children's rights, healthy relationships, online safety and to apprise the children of the deceptive tactics used by child traffickers. Communities and parents, too, are often required to be sensitised so as to holistically ensure children's safety and well-being.

The aforesaid responsibilities, however, cannot singly thrive, but must be accompanied by certain prerequisites. The foremost of them all is the provision of a trustworthy and supportive classroom and student-teacher relations where each child feels safe to express their concerns, fears, and anguish. By acting as trusted confidants, teachers play a critical role in enabling the children to report abuse and trafficking. Educators have the social and moral imperative of reporting the suspected cases of trafficking to the necessary authorities, be it the school counsellor, child welfare officials, or the law enforcement.

At the same time, educators face troubling hindrances in mitigating the social problem. Insufficient training, whether relating to the reporting protocols or sociocultural sensitivity, obstructs the teachers' ability to identify victims and protect them. Moreover, the dearth of resources and staunchly rigid social structures, such as poverty and parental absenteeism, function as systemic barriers in the process.

